ত্রৈমাসিক বুলেটিন

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ : ০২ | সংখ্যা : ০৫ | বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ | এপ্রিল ২০১৯ খ্রি.

## ইনোভেশন শোকেসিংয়ে ২য় পুরস্কার পেল ডিপিডিসি






জিপিএস বেজড মোবাইল অ্যাপস্ ফর কাস্টমার কমপ্লেইন এবং লাইফ সেভিংস এগেইন্সট ইলেকট্রিক্যাল হ্যাজার্ড ডিভাইস উদ্ভাবনের ফলে ইনোভেশন শোকেসিং ২০১৯ অনুষ্ঠানে ২য় পুরস্কার লাভ করেন ডিপিডিসি। গত ১০ এপ্রিল ২০১৯ তারিখে বিদ্যুৎ ভবনের বিজয় হলে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত 'ইনোভেশন শোকেসিং ২০১৯ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী বীর বিক্রম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নসরুল হামিদ এমপি মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. আহমদ কায়কাউস, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ। উক্ত ইনোভেশন শোকেসিং-২০১৯ অনুষ্ঠানে প্রথম পুরস্কার লাভ করে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

## ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল উপকেন্দ্র উদ্বোধন

## Newly Constructed DMCH 33/11-kV Substation energized.






কনস্ট্রাকশন অব নিউ ১৩২/৩৩ কেভি এন্ড ৩৩/১১ কেভি ৭০ এমভিএ সাবস্টেশন আন্ডার ডিপিডিসি প্রকল্পের আওতায় গত ১৬ মার্চ ২০১৯ নবনির্মিত ঢাকা মেডিকেল কলেজ ৩৩/১১ কেভি জিআইএস উপকেন্দ্রের টেস্টিং কমিশনিং কাজ সম্পাদন পূর্বক পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে। পরবর্তীতে পর্যায়ক্রমে ৫৬০ এমভিএ পর্যন্ত উন্নিত করা হবে। উল্লেখ্য (উক্ত উপকেন্দ্রটি হতে শেখ হাসিনা বার্ন ও প্লাস্টিক সার্জারী ইউনিটে বিদ্যুৎ সরবরাহ করা হবে)। এ সময় উপস্থিত ছিলেন ডিপিডিসি পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান ও অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, মোঃ শফিক উল্লাহ, ডিপিডিসির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান, নির্বাহী পরিচালকবৃন্দসহ প্রকল্প পরিচালক ও প্রকল্প, পরিকল্পনা, নকশা, গ্রীড, প্রটেকশন, এনওসিএস সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপকেন্দ্রটি চালু করার ফলে ডিপিডিসির ৩৩ কেভি লেভেলে ৭০ এমভিএ ক্যাপাসিটি যুক্ত হয়েছে যা ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা ইউনিভার্সিটি, বুয়েট ও এর পার্শ্ববর্তী এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহকে আরও এক ধাপ এগিয়ে নিতে সক্ষম হবে।

## CONTRACT AGREEMENT ডিপিডিসি'র সাথে ইস্পাহানি গ্রুপ সমঝোতা চুক্তি (MoU) স্বাক্ষর অনুষ্ঠান





ঢাকার মগবাজার ইস্পাহানি কলোনীতে একটি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের জন্য ইস্পাহানি গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান দি ফ্রী স্কুল স্ট্রীট প্রপার্টি লি. কর্তৃক ডিপিডিসি'র অনুকূলে বিনা মূল্যে সাফ-কবলা দলিলের মাধ্যমে ০৫ (পাঁচ) কাঠা জমি হস্তান্তর উপলক্ষ্যে গত ০৭ মার্চ ২০১৯ তারিখে ডিপিডিসি'র বোর্ড রুমে ডিপিডিসি এবং ইস্পাহানি গ্রুপ এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এই সমঝোতায় মগবাজার এলাকার আশেপাশে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে আরো এক ধাপ এগিয়ে গেল ডিপিডিসি। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ডিপিডিসি'র পক্ষ থেকে নির্বাহী পরিচালক (এ্যাডমিন এন্ড এইচআর) ও কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব) জয়ন্ত কুমার সিকদার এবং দি ফ্রী স্কুল স্ট্রীট প্রপার্টি লি. এর পক্ষে পারচালক মিসেস জাহিদা ইস্পাহানি স্বাক্ষর করেন।

# ডিপিডিসি'র অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠিত






সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে সংঘটিত অগ্নিকাণ্ড এবং এসব অগ্নিকাণ্ডের কারণে জান-মালের ব্যাপক ক্ষয়ক্ষতির ঘটনা ঘটছে। এসব ক্ষয়ক্ষতি রোধকল্পে সংস্থায় নিয়োজিত এমপ্লয়িদেরকে অগ্নিকাণ্ড সম্পর্কে সচেতন বৃদ্ধি এবং অগ্নি নির্বাপণের বিভিন্ন কলা কৌশল হাতে-কলমে শিক্ষা দানের জন্য ধানমন্ডি ১৩২/৩৩/১১ কেভি গ্রীড উপকেন্দ্র ও স্ক্যাডা ভবন এলাকায় গত ০৩ এপ্রিল ২০১৯ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সহায়তায় অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠিত হয়। উপ-সহকারী পরিচালক মোঃ আব্দুল হালিমের নেতৃত্বে বাংলাদেশ ফায়ার সার্ভিসের ২৩ সদস্যের একটি চৌকস অগ্নি নির্বাপক দল এবং উক্ত দপ্তরসমূহে কর্মরত ডিপিডিসি'র এমপ্লয়িগণ মহড়ায় অংশ নেন। ডিপিডিসি'র ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জয়ন্ত কুমার সিকদার মহড়া শেষে এক সংক্ষিপ্ত বক্তব্যে অত্যন্ত সুন্দর এবং কার্যকর মহড়া অনুষ্ঠানের জন্য মহড়ার আয়োজক, সকল অংশগ্রহণকারী বিশেষ করে ফায়ার সার্ভিসের অংশগ্রহণকারী দলকে বিশেষভাবে ধন্যবাদ জানান এবং পর্যায়ক্রমে ডিপিডিসি'র বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনায় এ ধরনের মহড়া আয়োজন করা হবে বলে উল্লেখ করেন।

ডিপিডিসি বুলেটিনে ডিপিডিসি'র বিভিন্ন অনুষ্ঠানের খবর ও ছবি নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে। ভবিষ্যতে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানের খবর ও ছবি ডিজিএম (পাবলিক রিলেশন্স) দপ্তরে হার্ডকপি এবং ডিপিডিসি'র বুলেটিনের নিম্নোক্ত ই-মেইল অ্যাড্রেসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

dpdcbulletin@gmail.com

# Dhaka Power Distribution Company Ltd. (DPDC) ও Provincial Electricity Authority ( PEA) Thailand এর মধ্যে MoU স্বাক্ষর




ডিপিডিসি ও প্রাদেশিক বিদ্যুৎ কর্তৃপক্ষের (থাইল্যান্ড) এর মধ্যে দ্বিপাক্ষিক আলোচনা

গত ২৫ এপ্রিল ২০১৯ তারিখে The Westin Hotel গুলশান, ঢাকায় ডিপিডিসি ও Provincial Electricity Authority (PEA) Thailand এর মধ্যে Exchange of information technology & deputation of personal joint business development MoU স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও অতিরিক্ত সচিব বিদ্যুৎ বিভাগ মোহাম্মদ শফিকউল্লাহ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিপিডিসির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। MoU তে স্বাক্ষর করেন ডিপিডিসির নির্বাহী পরিচালক (এ্যাডমিন এন্ড এইচআর) ও কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব) জয়ন্ত কুমার সিকদার ও PEA এর ডেপুটি গর্ভনর মি. ওয়ালপ কিত্তিউইআট।

# Engineering Consulting Services for Dhaka Underground Substation Construction Project at Kawranbazar under DPDC





গত ২৫ মার্চ ২০১৯ তারিখে ডিপিডিসি'র বোর্ড রুমে ডিপিডিসি এবং Tokyo Electric Power Services Company Ltd. (TEPSCO) & TEPCO Power Grid, Inc. (TEPCO PG) এর মধ্যে *Engineering Consulting Services for Dhaka Underground Sub-station Construction Project at Kawranbazar under DPDC* সংক্রান্ত সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। উক্ত সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ডিপিডিসি'র পক্ষ থেকে নির্বাহী পরিচালক (এ্যাডমিন এন্ড এইচআর) ও কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব) জয়ন্ত কুমার সিকদার এবং Tokyo Electric Power Services Company Ltd. (TEPSCO) & TEPCO Power Grid, Inc. (TEPCO PG) Engineering Consulting Services Ltd. এর পক্ষে পরিচালকবৃন্দ স্বাক্ষর করেন।

## জাতির জনক বঙ্গবন্ধুর ৯৯ তম শুভ জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত



গত ১৭ মার্চ ২০১৯ তারিখে জাতির জনক বঙ্গবন্ধুর ৯৯ তম শুভ জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আলোচনা সভা ও শিশুদের সাংস্কৃতিক প্রতিযোগিতা ডিপিডিসি'র প্রশিক্ষণ কেন্দ্র সেমিনার কক্ষ, কাঁটাবন, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান, নির্বাহী পরিচালক (এ্যাডমিন এন্ড এইচআর) জয়ন্ত কুমার সিকদার, নির্বাহী পরিচালক (প্রকৌশল) রমিজ উদ্দিন সরকার, নির্বাহী পরিচালক (অপারেশন্স) এ. টি. এম. হারুন অর রশিদ এবং নির্বাহী পরিচালক (অর্থ) মো: গোলাম মোস্তফা ও ডিপিডিসি'র সকল প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপকসহ বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে প্রতিযোগীদের মাঝে পুরস্কারসহ জাতির জনক বঙ্গবন্ধুর আত্মজীবনী বই সামগ্রী বিতরণ করা হয়।



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কেন্দ্রীয় শহীদ মিনারে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানসহ উর্ধ্বতন কর্মকর্তা ও কর্মচারীদের শ্রদ্ধাঞ্জলি।

## ডিপিডিসি'র কোম্পানি সচিবালয় এর আওতাধীন স্পেশাল টাস্কফোর্স এর প্রতিবেদন

**জানুয়ারি-২০১৯ থেকে মার্চ-২০১৯ পর্যন্ত**

| | |
|---|---|
| অভিযান সংখ্যা | ৫৭ টি |
| সংযোগ বিচ্ছিন্ন | ৬৭ টি |
| উদ্ঘাটিত বিদ্যুৎ চুরি | ২২.৪৭ লক্ষ ইউনিট |
| ধার্যকৃত পেনাল বিল | ৬ কোটি ৪৫ লক্ষ টাকা |
| আদায়কৃত পেনাল বিল | ২ কোটি ৮০ লক্ষ টাকা |
| আদায়কৃত বকেয়া অর্থ | ২৪ কোটি টাকা |
| মালামাল জব্দ | ৬৮ টি বৈদ্যুতিক মিটার, গ্রাহকের সার্ভিস তার এবং বাইপাসে ব্যবহৃত তার। |

**জানুয়ারি-২০১৯ থেকে মার্চ-২০১৯ পর্যন্ত অভিযান সমূহের উল্লেখযোগ্য সাফল্য :**

- বনশ্রী দপ্তরের মেরাদিয়া কাচা বাজারে এ ৫৭.৪৫ লক্ষ টাকার পেনাল বিল।
- সিদ্ধিরগঞ্জ দপ্তরের 'মেসার্স নিউ রিচুলি ও সাজ্জাদ এমব্রোডারি" এর দুটি গার্মেন্টস কারখানায় ৫১.৮৭ লক্ষ টাকার পেনাল বিল।
- মানিকনগর দপ্তরের চুন্নু মিয়া এর আবাসিক স্থাপনায় ৩৯.১৩ লক্ষ টাকার পেনাল বিল।
- মগবাজার দপ্তরের ২টি বরফ কলে মোট ৫০.৬৮ লক্ষ টাকার পেনাল বিল।
- নারায়নগঞ্জ পশ্চিম দপ্তরের ৫টি আবাসিক স্থাপনায় মোট ৪১.২০ লক্ষ টাকার পেনাল বিল।

এছাড়াও উল্লেখিত সময়ে ২য় বার বিদ্যুৎ চুরির দায়ে বিদ্যুৎ আইন-২০১৮ এর ধারা ৪৮ অনুযায়ী নিম্নে উল্লেখিত গ্রাহকের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়।

- আদাবর দপ্তরের গ্রাহক সৈয়দ মো: নুরুল ইসলাম (ইয়াসিন মোল্লা), মো: সিদ্দিকুর রহমান ও শেখ মো: জাহাঙ্গীর আলম
- নারিন্দা দপ্তরের গ্রাহক সভাপতি কাপ্তান বাজার (আব্দুল লতিফ)
- নারায়নগঞ্জ পূর্ব দপ্তরের গ্রাহক সি.এম. টেক্সটাইল
- মগবাজার দপ্তরের গ্রাহক মো: জাহাঙ্গীর আলম

# ডিপিডিসি'র বিভিন্ন দপ্তরের গণশুনানীর খবর




এনওসিএস শীতলক্ষ্যা গত ০৫.০৩.২০১৯ তারিখে নির্বাহী প্রকৌশলী মোঃ আব্দুল মজিদ-এর সার্বিক তত্ত্বাবধানে এনওসিএস শীতলক্ষ্যা এর গণশুনানী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস (সাউথ) এর প্রধান প্রকৌশলী মো: দেওয়ান আবুল কালাম আজাদ ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস সার্কেল ফতুল্লার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো: কামাল হোসেন।




এনওসিএস স্বামীবাগ গত ০৫.০৩.২০১৯ তারিখে নির্বাহী প্রকৌশলী মোঃ নাছির উদ্দিনের সার্বিক তত্ত্বাবধানে এনওসিএস স্বামীবাগ এর গণশুনানী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (অপারেশন) প্রকৌশলী এ. টি. এম হারুন অর রশিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস (সেন্ট্রাল) এর প্রধান প্রকৌশলী মো: আমিনুল ইসলাম ও সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস সার্কেল নারিন্দার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো: জাহাঙ্গীর আলম।




এনওসিএস নারায়ণগঞ্জ (পূর্ব) গত ১১/০৩/২০১৯ তারিখ অত্র দপ্তরের আওতাধীন খানপুর বৌ-বাজার সংলগ্ন মহব্বত হাজীর মাঠে গনশুনাণী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (অপারেশন) জনাব এ. টি. এম হারুন অর রশিদ। এতে আরো উপস্থিত ছিলেন দেওয়ান আবুল কালাম আজাদ, প্রধান প্রকৌশলী, এনওসিএস (সাউথ), শহীদুল ইসলাম, প্রধান প্রকৌশলী, পিএন্ডডি এবং মোঃ রবিউল হাসান, জেনারেল ম্যানেজার (আইসিটি)। এছাড়াও উক্ত অনুষ্ঠানে এনওসিএস (সাউথ)-এর অধীন বিভিন্ন তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন।




এনওসিএস আজিমপুর গত ০৯.০৪.২০১৯ইং তারিখে এনওসিএস আজিমপুর, ডিপিডিসি দপ্তরে একটি গণশুনানী অনুষ্ঠানের আয়োজন করা হয়। সম্মানিত গ্রাহকগণের উপস্থিতিতে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সৈয়দ আশরাফ আলী, প্রধান প্রকৌশলী, এনওসিএস (উত্তর)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ বেলায়েত হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস আজিমপুর সার্কেল, মোঃ হুমায়ূন কবির, কাউন্সিলর, ২৩ নং ওয়ার্ড, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ মহিউল আলম, নির্বাহী প্রকৌশলী, এনওসিএস আজিমপুর, ডিপিডিসি। অনুষ্ঠানে ৩০/৩৫ জন গ্রাহক উপস্থিত ছিলেন এবং প্রত্যেকেই অত্র দপ্তরের কার্যক্রম ও গ্রাহক সেবা নিয়ে নিজ নিজ মতামত ও পরামর্শ প্রদান করেন। অনেকেই তাদের প্রত্যাশার কথা ব্যক্ত করেন। গ্রাহকগণ অত্র দপ্তরের কার্যক্রমে সার্বিকভাবে সন্তোষ প্রকাশ করেন। নির্বাহী প্রকৌশলী গ্রাহকগণের বিভিন্ন প্রশ্নের জবাব প্রদান করেন। বিশেষ অতিথি জনাব মোঃ হুমায়ুন কবির শুভেচ্ছা বক্তব্য রাখেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস আজিমপুর সার্কেল ও প্রধান প্রকৌশলী, এনওসিএস (উত্তর) দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন। ডিপিডিসি কর্তৃক কেন্দ্রীয়ভাবে অত্র দপ্তরের ২জন গ্রাহককে পুরষ্কার প্রদানের ব্যবস্থা নেয়া হয়। অনুষ্ঠানের এক পর্যায়ে উক্ত পুরষ্কার সংশ্লিষ্ট গ্রাহকগণের হাতে তুলে দেয়া হয়।




এনওসিএস বংশাল গত ১১.০৪.২০১৯ তারিখে জনাব মোঃ নাসির উদ্দীন, নির্বাহী প্রকৌশলী, এনওসিএস, বংশাল, ডিপিডিসি এর গণশুনানী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আমিনুল ইসলাম, প্রধান প্রকৌশলী, এনওসিএস, সেন্ট্রাল, ডিপিডিসি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আউয়াল হোসেন, কাউন্সিলর, ৩৩ নং ওয়ার্ড। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শাহজাহান আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস, বাংলাবাজার সার্কেল, ডিপিডিসি। অনুষ্ঠানে অত্র এলাকার গণ্যমান্য রাজনৈতিক, সামাজিক, স্থানীয় নেতৃবৃন্দ এবং সম্মানিত গ্রাহকগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে গণ্যমান্য ব্যক্তিবর্গ বর্তমান সরকারের বিদ্যুৎ বিভাগের বিভিন্ন বিষয়ের সাফল্য ও সমস্যাগুলো তুলে ধরেন। তারা স্বচ্ছতা, জবাবদিহিতা ও পেশাদারমূলক আচরণের জন্য এনওসিএস, বংশাল দপ্তরের প্রশংসা করেন। এছাড়া তারা বিলের কিস্তি করে দেয়া যায় কিনা এ ব্যাপারে আলোকপাত করেন। সভাপতি সূচনা বক্তব্যে অত্র দপ্তরের অনলাইন সেবা, নতুন সংযোগ এবং বিভাগীয় নিয়ন্ত্রণকক্ষে ২৪ ঘন্টা সেবা সম্পর্কে সম্মানিত গ্রাহকগণকে অবহিত করেন। নির্বাহী প্রকৌশলী জনাব মো: নাসির উদ্দিন, এনওসিএস, বংশাল দপ্তরের গ্রাহকের নতুন সংযোগের বিষয়ে বক্তব্য প্রদান করেন এবং প্রশ্ন উত্তর পর্বে অংশ নেন। প্রধান অতিথি জনাব মোঃ আমিনুল ইসলাম, প্রধান প্রকৌশলী এনওসিএস, সেন্ট্রাল ডিপিডিসি তার বক্তব্যে বিভিন্ন সমস্যার সমাধান, অন-লাইনে নুতন সংযোগ প্রদান ও সেবা সহজলভ্য করার নিমিত্তে দিকনির্দেশনামূলক ও জ্ঞানগর্ভ বক্তব্য প্রদান করেন। পরিশেষে সভাপতি উপস্থিত সুধিমন্ডলীকে "শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ" এই শ্লোগান বাস্তবায়নের জন্য সার্বিক সহযোগিতা কামনা করে গণশুনানীর কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



ডিপিডিসি'র কর্মকর্তাবৃন্দ আয়োজিত পহেলা বৈশাখ ১৪২৬ উদযাপন

# ডিপিডিসি'র ৫ম ব্যাডমিন্টন ও ইনডোর গেমস প্রতিযোগিতা অনুষ্ঠিত

ডিপিডিসি'র ৫ম ব্যাডমিন্টন ও ইনডোর গেমস প্রতিযোগিতা অনুষ্ঠানের উদ্বোধন করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। ডিপিডিসি'র প্রশিক্ষণ কেন্দ্র স্ক্যাডা ভবন, ঢাকা। ৫ম ব্যাডমিন্টন ও ইনডোর গেমস প্রতিযোগিতা ৩১ জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি. পর্যন্ত অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান নির্বাহী পরিচালক (এ্যাডমিন এন্ড এইচ আর) জয়ন্ত কুমার সিকদার, নির্বাহী পরিচালক (প্রকৌশল) রমিজ উদ্দিন সরকার, নির্বাহী পরিচালক (অপারেশন্স) এ. টি. এম হারুন অর রশিদ এবং নির্বাহী পরিচালক (অর্থ) মোঃ গোলাম মোস্তফাসহ ডিপিডিসি'র সকল পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে ১৬ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি. তারিখে প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।



# ৫ম ব্যাডমিন্টন এবং ইনডোর গেমস টুর্নামেন্ট পুরস্কারপ্রাপ্তদের তালিকা

## মহিলা

| ক্রঃ নং | ইভেন্ট | চ্যাম্পিয়ন | রানার্স-আপ |
|---|---|---|---|
| ০১ | সাপলুডু | গায়ত্রী ঘোষ<br>অফিস এ্যাসিঃ কাম কম্পিউটার অপারেটর, এনওসিএস সার্কেল, নারিন্দা | রুনা নজরুল<br>অফিস সহকায়ক,<br>এনওসিএস মানিকনগর |
| ০২ | ব্যাডমিন্টন দ্বৈত | সাজেদা জেরীন<br>হিসাব রক্ষক, ডিজিএম (এইচআর) পিআর<br>রুনা নজরুল অফিস সহায়ক<br>এনওসিএস মানিকনগর | রহিমা সুলতানা, ডিজিএম (এইচ আর)<br>রেবেকা সুলতানা<br>হিসাব রক্ষক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>ট্যারিফ এন্ড এনার্জি অডিট |
| ০৩ | ক্যারম দ্বৈত | তাহমিনা আক্তার OACO<br>প্রধান প্রকৌশলী, প্ল্যানিং এন্ড ডিজাইন<br>সাজেদা জেরিন<br>হিসাব রক্ষক, ডিজিএম (এইচআর) পিআর | শাহনাজ, জুনিঃ এ্যাসিঃ ম্যানেজার (আইসিটি), এনওসিএস মানিকনগর<br>রুনা নজরুল, অফিস সহকায়ক, এনওসিএস মানিকনগর |
| ০৪ | দাবা | রুনা নজরুল<br>অফিস সহকায়ক, এনওসিএস মানিকনগর | তাহমিনা আক্তার OACO, প্রধান প্রকৌশলী, প্ল্যানিং এন্ড ডিজাইন |

## পুরুষ

| ক্রঃ নং | ইভেন্ট | চ্যাম্পিয়ন | রানার্স-আপ |
|---|---|---|---|
| ০১ | ক্যারম একক | মোঃ সজিব চৌধুরী, নিরাপত্তা প্রহরী<br>এনওসিএস পরিবাগ | মোঃ মোয়াজ্জেম হোসেন,<br>গাড়ীচালক,<br>প্রধান প্রকৌশলী (উন্নয়ন) |
| ০২ | ক্যারম দ্বৈত | মোঃ আবু কায়সার, ডিএম (অর্থ), এনওসিএস সার্কেল, তেজগাঁও<br>মোঃ জুবায়ের রহমান, এসএই, এনওসিএস কাকরাইল | মোঃ ওমর আলী, লাইনম্যান, এনওসিএস বাসাবো<br>মোঃ শামীম আজাদ, নিরাপত্তা প্রহরী |
| ০৩ | টেবিল টেনিস একক | নিলাঞ্জন চক্রবর্তী<br>এসডিই, গ্রীড নর্থ-১ | মোঃ জাহেদ উল্লাহ্<br>অফিস সহায়ক, এনওসিএস সাতমসজিদ |
| ০৪ | টেবিল টেনিস দ্বৈত | নিলাঞ্জন চক্রবর্তী, এসডিই, গ্রীড নর্থ-১<br>সাজ্জাদ হোসেন, সহকারী প্রকৌশলী, গ্রীড নর্থ-১ | মোঃ কামরুল আজমত, ত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস সার্কেল পোস্তগোলা<br>মোঃ জাহেদ উল্লাহ, অফিস সহায়ক, এনওসিএস সাতমসজিদ |
| ০৫ | কার্ড ব্রীজঅকশন | মোঃ মোস্তাক হোসেন<br>উপ-সহকারী প্রকৌশলী, এনওসিএস বাসাবো<br>মোঃ ওবায়দুলআলম<br>উপ-সহকারী প্রকৌশলী, এনওসিএস বংশাল | কামরুল ইসলাম<br>ম্যানেজার (আইসিটি)<br>গোলাম বারেক মুন্না<br>ডেপুটি ম্যানেজার (আইসিটি) |
| ০৬ | কার্ড পাসিং ব্রে | সৈয়দ আশরাফ আলী,<br>প্রধান প্রকৌশলী, এনওসিএস (উত্তর) | মোঃ রায়হানুল ইসলাম<br>উপ-সহকারী প্রকৌশলী, এনওসিএস ফতুল্লা |
| ০৭ | ব্যাডমিন্টন একক | মোঃ আব্দুল করিম সুমন<br>এসবিএস, এনওসিএস রাজারবাগ | মোঃ কাজী রাসিক উদ্দিন<br>মিটাররিডার, এনওসিএস রাজারবাগ |
| ০৮ | ব্যাডমিন্টন দ্বৈত | মোঃ তারিকুল ইসলাম টিটু<br>নির্বাহী প্রকৌশলী, এনওসিএস বাসাবো<br>মোঃ সালাউদ্দিন শেখ<br>লাইনম্যান মেট, এনওসিএস বাসাবো | আসিফ ইফতেখার অমি<br>উপ-বিভাগীয় প্রকৌশলী, কনস্ট্রাকশন অফ নিউ সাব-স্টেশন প্রকল্প<br>মোঃ হাবিবুর রহমান তালুকদার, লাইনম্যান, কনস্ট্রাকশন অফ নিউ সাব-স্টেশন প্রকল্প |
| ০৯ | ব্যাডমিন্টন দ্বৈত<br>৪০+ | মোঃ নজরুল ইসলাম<br>অফিস সুপারভাইজার, এনওসিএস ফতুল্লা<br>মোঃ গোলাম নবী<br>লাইনম্যান, এনওসিএস ফতুল্লা | মোঃ আল আমিন শিকদার,<br>লাইনম্যান মেট, এনওসিএস খিলগাঁও<br>মোঃ আল আমিন হাওলাদার,<br>লাইনম্যান, এনওসিএস খিলগাঁও |
| ১০ | ব্যাডমিন্টন দ্বৈত<br>কর্মকর্তা ৫০+ | জনাব বিকাশ দেওয়ান<br>ব্যবস্থাপনা পরিচালক<br>জনাব মোঃ আমিনুল ইসলাম<br>প্রধান প্রকৌশলী, এনওসিএস (সেন্ট্রাল) | এ এইচ এম মহিউদ্দিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস মতিঝিল সার্কেল, ডিপিডিসি<br>মোঃ শামীমুল হক, ডিজিএম (এইচ আর) |

# ৯ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্স



ডিপিডিসি'তে সম্প্রতি নিযুক্ত ৮জন সহকারী প্রকৌশলী ও ২৬জন উপ-সহকারী প্রকৌশলীদের (১ম ব্যাচ) জন্য ৯ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্সে গত ০১.০৪.২০১৯ খ্রি. তারিখে শুরু হয় ডিপিডিসি'র ট্রেনিং সেন্টারের ৫ তলা জিআইএস উপকেন্দ্র ভবনে। ট্রেনিং কোর্সের উদ্বোধন করেন সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ ড. আহমদ কায়কাউস। ডিপিডিসি প্রশিক্ষণ কেন্দ্রের সেমিনার কক্ষে আয়োজিত এ উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ডিপিডিসি পরিচালনা পর্ষদ এর চেয়ারম্যান অতিরিক্ত সচিব মোহাম্মদ শফিকউল্লাহ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান।

# কল সেন্টার প্রবর্তন ও গ্রাহকসেবা






গত ৩০-০৩-২০১৯ খ্রি. তারিখে প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তর, ডিপিডিসির আয়োজনে "কল সেন্টার প্রবর্তন ও গ্রাহকসেবা" শীষর্ক কর্মশালা অনুষ্ঠিত হয়। ব্যবস্থাপনা পরিচালক, প্রকৌশলী বিকাশ দেওয়ান, ডিপিডিসি মহোদয়সহ ডিপিডিসির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা এবং গ্রাহকসেবা ডেস্কের এমপ্লয়িগণ উপস্থিত ছিলেন।

# অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান







গত ২৭.০৩.২০১৯ তারিখে এনওসিএস স্বামীবাগ, ডিপিডিসি'র আওতাধীন সায়েদাবাদ বাস টার্মিনাল ও ওয়াসা পাম্পের আশেপাশের এলাকায় নির্বাহী প্রকৌশলীর নেতৃত্বে অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পরিচালনা করা হয়।

সম্পাদক : **শামীমুল হক শামীম**, উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি
সহ-সম্পাদক : **মো. রতন**, জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি। আলোকচিত্র : **কে এম দুলাল**। ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯
Website: www.dpdc.org.bd, E-mail : dgmhrpr@dpdc.org.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১নং আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত